DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 02:22 PM

ক্যাম্পাস

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হলো □দ্য সিইউইএসএস এক্সিবিশন ২০২৬□

প্রতিবেদক: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




তরুণ শিক্ষার্থীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা এবং বাস্তব বাজারের সঙ্গে তাদের কার্যকর সংযোগ স্থাপনের লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে □লঞ্চার্স□দ্য সিইউইএসএস এক্সিবিশন ২০২৬□।

সোমবার (২৪ আগস্ট) সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদের লবিতে এ প্রদর্শনীর আয়োজন করে চিটাগং ইউনিভার্সিটি এন্টারপ্রেনিউর অ্যান্ড স্টার্টআপ সোসাইটি (সিইউইএসএস)।

প্রদর্শনীতে সংগঠনটির সদস্যদের নিজস্ব উদ্যোগ নিয়ে মোট নয়টি স্টল অংশ নেয়। আয়োজন শুরুর পর থেকেই শিক্ষার্থী ও দর্শনার্থীদের উপস্থিতিতে মুখর হয়ে ওঠে প্রদর্শনস্থল। খাদ্যপণ্য, হস্তশিল্প, ফ্যাশন ও লাইফস্টাইলসহ বিভিন্ন খাতের নতুন উদ্যোক্তাদের পণ্য প্রদর্শনীতে স্থান পায়। দর্শনার্থীরা এসব উদ্যোগ সম্পর্কে জানার পাশাপাশি উদ্যোক্তাদের কাছ থেকে সরাসরি পণ্য ও সেবা নেওয়ার সুযোগ পান।

আয়োজকেরা জানান, নতুন উদ্যোক্তা তৈরি, অর্থায়নের সুযোগ সৃষ্টি, উদ্যোক্তাদের অনুপ্রেরণা দেওয়া, নেটওয়ার্কিং বাড়ানো এবং প্রয়োজনীয় মেন্টরশিপ দেওয়াই এ আয়োজনের মূল উদ্দেশ্য।

সিইউইএসএসের মডারেটর ড. মোহাম্মদ মহিউদ্দিন বলেন, বাংলাদেশসহ আন্তর্জাতিক চাকরির বাজারে ব্যাপক পরিবর্তন আসছে। দেশের প্রায় ৬০ শতাংশ মানুষ ৩০ বছরের নিচে। শিক্ষার্থীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন সালেহ জহুর বলেন, তরুণ উদ্যোক্তাদের বাজারের চাহিদা ও সামাজিক বাস্তবতা বুঝতে হবে। সিইউইএসএসের এ ধরনের উদ্যোগ শিক্ষার্থীদের সফল ব্যবসা শুরু করতে আরও উৎসাহিত করবে।

সিইউইএসএসের সভাপতি মুশফিকুর রহমান হৃদয় বলেন, এ আয়োজনের মাধ্যমে ক্লাবের সদস্যরা উদ্যোক্তা হিসেবে নতুন যাত্রা শুরু করার সুযোগ পাচ্ছেন। পাশাপাশি পুরোনো উদ্যোক্তারাও নিজেদের উদ্যোগ তুলে ধরার সুযোগ পেয়েছেন। সংগঠনের পক্ষ থেকে এসব উদ্যোগে অর্থায়ন ও মেন্টরিং দেওয়া হচ্ছে।

ক্লাবের সহসভাপতি ফাতিমা আফরোজ বলেন, সিইউইএসএস সবসময় উদ্যোক্তা তৈরিতে কাজ করছে এবং নিয়মিত মেন্টরিং প্রদান করছে। এ ধরনের আয়োজন নবীন ও উদীয়মান উদ্যোক্তাদের অনুপ্রাণিত করবে।

প্রদর্শনীতে বেস্ট স্টল অ্যাওয়ার্ড পাওয়া উদ্যোক্তা মেহেনুচ তাবাচ্ছুল বলেন, ব্যবসা শুরুর ক্ষেত্রে সহযোগিতা ও পরিচিতি পাওয়াই তাদের মূল লক্ষ্য ছিল। এ আয়োজন তাদের অনেক সহযোগিতা করেছে। ক্রেতাদের কাছ থেকে পাওয়া গঠনমূলক মতামত ভবিষ্যতে উদ্যোগটি আরও উন্নত করতে সহায়তা করবে।

সংশ্লিষ্টরা মনে করছেন, শিক্ষার্থীদের উদ্যোক্তা হওয়ার স্বপ্নকে বাস্তবে রূপ দিতে সিইউইএসএসের এ আয়োজন নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে।

---

## এ বিভাগের আরও খবর




**বেরোবির ইইই বিভাগের শিক্ষার্থী মিথুনের কোরিয়ায় GKS বৃত্তি লাভ**

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থী মিথুন চৌধুরী...




### সাভারে পুলিশ কর্মকর্তাকে পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা

ঢাকার সাভারের আমিনবাজারে পুলিশের বিশেষ শাখার (এসবি) এক উপপরিদর্শককে (এসআই) পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহত মো. আলতাফ হোসেন (৬০) মালিবাগ...

---



### যৌন সহিংসতা বন্ধে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে: বেরোবি উপাচার্য

পাবলিক স্পেস, কর্মক্ষেত্র ও উচ্চশিক্ষাপ্রতিষ্ঠানে যৌন ও জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন বেগম...

---



### বেরোবি ছাত্রদল নেতা মাসুদের দাবির পর লাইব্রেরি সংস্কারের উদ্যোগ

জাতীয়তাবাদী ছাত্রদল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শাখার প্রচার সম্পাদক মাসুদ রানার দাবির পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিতে আসনসং...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/campus/chttgram-bishbbidjalye-onushthit-hlo-dj-siiuieses-eksibishn-2026